


দৈনিক
কীর্তনাখাণা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

বরিশাল ॥ শনিবার ॥ ০৩ অক্টোবর ২০২৬ ॥ ২১ রবিঃ সানিঃ ১৪৪৮ ॥ ১৮ আশ্বিন ১৪৩৩ ॥ ৯ম বর্ষ ॥ ১১৯ সংখ্যা ॥ ৪ পৃষ্ঠা ॥ ৫ টাকা

বরগুনা ছেড়ে হটস্পট পিরোজপুর ও ঝালকাঠি ডেঙ্গুতে বাড়ছে মৃত্যুর মিছিল

এ তথ্য নিশ্চিত করেছে। এর আগে, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে লাগেজ ও ট্রলি সংক্রান্ত কেন্দ্র করে বিশৃঙ্খলা সৃষ্টি, সরকারি কাজে বাধা প্রদান এবং দায়িত্বভর নিরাপত্তা কর্মকর্তাকে শারীরিকভাবে লাঞ্চিত করার অভিযোগে জমায়াতুল ইসলামীয়া নেতা মজের (অব.) অপত্যরাজজামানের বিরুদ্ধে একটি মামলা দায়ের করা হয়। গুজবের হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের নিরাপত্তা কর্মকর্তা মো. শাহরিয়ার আলম সজীব বাহী হলে বিমানবন্দর থানায় দফতরী একধিক ধারায় মালগতি দায়ের করেন। ৬য় পাতায় পূর্বের



বাহাদুর অধ্যাদেশে নাজনকে
শ্রেষ্ঠতার করা হয়। সব মিলিয়ে
অভিযানে মোট ১৮ জন
অভিযুক্তকে শ্রেষ্ঠতার করা
হয়েছে। বরিশাল কোতোয়ালি
মওল খানার ভারপ্রাপ্ত কর্মকর্তা
(ওসি) ২ এর পাতায় দেখুন।



সম্পাদক থেকে পাঠক, সকলের মুক্ত মত.....

হ্যালো ৯৯৯



বরিশাল নগরীর জিলা স্কুল মোড়ে নজর দিন



বরিশাল মহানগরীর জিলা স্কুলের মোড় এখন অস্বাভাবিক দুর্ঘটনাগ্রস্ত।
এলাকা পরিণত হয়েছে। এখানে চার রাস্তার মোড়, এবং এই
চারটিই অত্যন্ত ব্যস্ততা সড়ককে ঘোঁসে। এখানে এসে প্রায়ই দেখা
যায়, কোনো না কোনো বাসবাহনের সাথে সংঘর্ষ ঘটে যায়। কখনো
ঘাটারিগালিত রিকশা, আরার কখনো হেবল অটো, গাসের অটো,
সিএনজি, হাইস্কো, মোটরসাইকেল এখানে কানেক্ট পয়েন্টের রিকশা
কিংবা বাইকেলও এখানে এসে মাঝে মাঝে মুখোমুখি সংঘর্ষে
জড়ায়। কখনো ডিম্বুখী, চতুর্থুখী সংঘর্ষও ঘটে। এখানে নাই কোনো
শুজ্ঞতা। এই সড়ক দিয়ে নিয়মিত যাতায়াতকারী অজস্র বাসিন্দা
হিসেবে আমি এখানে প্রতিনিয়ই ছোটো-বড়ো বিপত্তি প্রত্যক্ষ করি।
জিলা স্কুলের এই মোড়ে চার রাস্তার বাসায় এসে গাড়ি গতি
নিয়ন্ত্রণের জন্য জরুরি ভিত্তিতে কোনো ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক
বলে আমি মনে করি। না হলে যে কোনো সময়ে বড়ো ধরনের
দুর্ঘটনা ঘটে যেতে পারে। তাই বিষয়টিতে বরিশাল সিটি
কর্পোরেশন কর্তৃপক্ষের আও পদক্ষেপ গ্রহণ করার আবেদন
জানাইছি।

(রাফসান, ১১ নং ওয়ার্ড, বিসিপি, বরিশাল)

বাকেরগঞ্জ প্রতিনিধির ছেলের ইস্তেকাল

কীর্তখোলা রিপোর্ট
বাকেরগঞ্জ উপজেলার
গাড়ুরিয়া ইউনিয়নের
ডিম্বারহাট গ্রামের সাংবাদিক ও
দৈনিক কীর্তখোলা পত্রিকার
বাকেরগঞ্জ প্রতিনিধি মঞ্জিল
ইসলাম গাজীর ছেলের গাজী
আব্দুল্লাহ ইস্তেকাল করেছেন
(ইমরা লিডার) ওয়া ইমরা
ইলাহীয়ে বাজিউন। গতকাল
ওকুবাব রাজধানীর একটি
২ এর পাতায় দেখুন



রাজ্যক স্বাতি কলোনিতে ভয়াবহ
রেপে পাশে দাঁড়িয়ে বাংলাদেশ
ক্ৰিষ্টিয় পৰিবাৰজ্বলোৰে (খোজবৰ)
দাৰ্থিক সহায়তা প্ৰদান কৰা হয়েচে।
গৰীৰে রাজ্যক স্বাতি কলোনিতে এ
গনিৰ চাৰটি পৰিবাৰ ক্ৰিষ্টিয় হয়।
ক্ৰিষ্টিয় পৰিবাৰদৰ্শন কৰেনে বাংলাদেশ
বৰী পৰিবাৰ সদস্য ও সহকাৰী
যযম হোসাই হেলাল, কেন্দ্ৰীয়
পত্নী আৰী মাওলানা জব্বি উদ্দিন
আগিকায়ে ক্ৰিষ্টিয় পৰিবাৰে
দৰে দুৰ্ভাগ্যেৰে কথা শোনে এবং
পৰে জমায়েতে ইসলামীৰ পক্ষ
হয়ে আৰ্থিক সহায়তা প্ৰদান কৰে।
গাল বোনে, আগিকায়ে ক্ৰিষ্টিয়
পত্নী ২ এৰ পাভায় দেখন

দৈনিক

বীৰ্তনাখোলা

আত্মপ্ৰত্যয়ী প্ৰতিদিন

প্ৰতিনিধি আবশ্যক

দৈনিক কীৰ্তনাখোলা পত্ৰিকাৰ জনা ঝালকাঠি জেলা: নলাছিট, রাজাপুর, গুটিয়াখালী জেলা:
পটুয়াখালী, ভোলা জেলা: তজুমদ্দিন, লালমোহন, মনপুরা, পিরোজপুর জেলা: নাজিরপুর,
নেত্ৰাবাদ ও বরিশাল জেলা: উত্তরপুর ও বাবুগঞ্জ প্ৰতিনিধি আবশ্যক। প্ৰাৰ্থিকে অবশ্যই কমপক্ষে
এইচএসসি পাশ হতে হবে। আত্মীয় পত্ৰিকাৰ ইমেইলে জীনবৃত্তান্তসহ আবেদন কৰুন।

—মফফল সম্পাদক
০১৩০৪১৬৪১৯

মম্বাদকীয় বেপরোয়া **কিশোর গ্যাং** সাম্প্রতিক সময়ে দেশব্যাপী কিশোর গ্যাংয়ের যে দৌরাত্ম্য দেখা যাচ্ছে, তা অত্যন্ত উদ্বেগজনক। রাজধানী ঢাকা থেকে শুরু করে এমন কোনো শহরাঞ্চল নেই, যেখানে কিশোর গ্যাংয়ের দাপট নেই। আমাদের ভিত্ত বাস্তবতা হলো এই, যে কিশোরদের বইখাতা নিয়ে স্কুল-কলেজে ব্যস্ত থাকার কথা, তারাই চুরি, ছিনতাই, মাদক, খুনখারাবির মতো ভয়ংকর অপরাধে জড়িয়ে পড়ছে। পরিস্থিতি এতটাই নাজুক যে নিরাপত্তা বাহিনীর অভিযানের মধ্যেও এসব কিশোর গ্যাংয়ের তৎপরতা বন্ধ হয়নি। খবরে বলা হয়, কিশোর অপ্রতিম হত্যাকাণ্ডের পর কুমিল্লাসহ দেশের বিভিন্ন স্থানে নিরাপত্তা বাহিনীর অভিযান জোরদার করা হয়েছে। বেশ কিছু স্থান থেকে সন্দেহভাজন বহু কিশোর অপরাধীকে আটকও করা হয়েছে। কিন্তু কিছুতেই তাদের দাপট নিয়ন্ত্রণ করা যাচ্ছে না। ধরে বলা হয়, রাজধানীতে কয়েক দিন ধরে দখলবাজি, ছিনতাইসহ বিভিন্ন অপরাধে কিশোর গ্যাং সদস্যদের সম্পৃক্ততার তথ্য পাওয়া গেছে। পুলিশের অভিযানে এক কুমিল্লা থেকেই আট শতাধিক সন্দেহভাজন আটক করা হয়েছে। ওই শহরে বিভিন্ন অপরাধে সক্রিয় রয়েছে অন্তত ১৫টি চক্র। বিভিন্ন গ্রুপে রয়েছে প্রধান, উপ-প্রধান। তারাি কিশোরদের দিয়ে নানা অপরাধ করায়। এদের নামধাম এরই মধ্যে পুলিশের কাছে এসেছে। অন্যদিকে মহানগরসহ চট্টগ্রাম অঞ্চলে আবারও মাথাচাড়া দিয়ে উঠছে কিশোর অপরাধীদের বিস্তার চক্র। আগের বড় ভাইয়ের আভ্যুত্থাপনে থাকায় নতুন বড় ভাইদের পৃষ্ঠপোষকতায় কিশোররা অপরাধে জড়াচ্ছে। মারামারি, ছিনতাই, চাঁদাবাজি, এমনকি খুনানুশিঙেও তারা জড়াচ্ছে। দেশের আরেক অঞ্চল খুলনাজুড়ে দাপিয়ে বেড়াচ্ছে কমপক্ষে ১০টি চক্রের কিশোর অপরাধীরা। স্থানীয় পুলিশের তথ্য অনুযায়ী, চলতি বছরের প্রথম আট মাসে খুলনায় ৫৮টি হত্যাকাণ্ড ঘটেছে। এর মধ্যে উল্লেখযোগ্যসংখ্যক হত্যায় জড়িতদের বেশির ভাগই উচ্চিত বয়সকে। বরিশাল বিভাগের ছয় জেলায় কিশোর অপরাধীদের কমপক্ষে ৫০টি চক্রের প্রায় দুই হাজার সদস্য রয়েছে। বিভিন্ন স্থানে প্রকাশ্যে অস্ত্রের মহড়া, ছিনতাই, সংঘর্ষের মতো অর্চন ক্যামেবান্দিত করে তারা নিজেরাই ছড়িয়ে দেয় সামাজিক ঘোষণা মাধ্যমে। বলা বাহুল্য, আরো খেঁজখবর নিলে এই ফিরিঙ্গি আরো দীর্ঘ হবে। বিশেষজ্ঞরা মনে করেন, কিশোর অপরাধ বেড়ে যাওয়ার পেছনে অনেক কারণ থাকে। পারিবারিক টানাপড়েন, ক্ষোভ, হতাশা থেকে অনেকেই অপরাধ জগতের দিকে পা বাড়ায়। এ ছাড়া অল্প বয়সে ধূমপান, মাদকের মতো অভ্যাসও পর্যায়ক্রমে চুরি-ছিনতাইয়ের মতো অপরাধের দিকে নিয়ে যায়। এ ছাড়া এলাকায় রাজনৈতিক প্রভাব তো আছেই। পাশাপাশি কর্মসংস্থানের অভাব, শিক্ষিত-বেকার বৃদ্ধির কারণেও অনেক তরুণ হতাশাগ্রস্ত হয়ে অপরাধচক্রের ছত্রছায়ায় জায়গা করে নেয়। মনে করা হয়, সমাজে সুস্থ সংস্কৃতিচর্চার অভাবেরও অপরাধীদের বাড়ুবাড়ান হয়। দেশের আইনের শাসন নিয়েও রয়েছে প্রশ্ন। পুলিশ মাঠ পর্যায়ে কিশোরদের প্রেক্ষার করলেও মূল পৃষ্ঠপোষকরা ধরাছোয়ার বাইরে থেকে যায়। প্রেক্ষারের পর মুক্তি পেলে কিশোর অপরাধীদের বড় ভাইয়েরই আবার গুরুত্ব করে। তাহলে অপরাধ নিয়ন্ত্রণে আসবে কী করে?

ডেঙ্গুতে নয় মাসে ২৫০ জনের

সেখা দুপুরেটা ৮২ হাজার ৭৬১ জনে। অন্যদিকে, গত ২৪ ঘণ্টায় ডেঙ্গুতে এককনের মৃত্যু হয়েছে। এ নিয়ে চলতি বছর ডেঙ্গুতে মৃত্যুর সংখ্যা দাঁড়ালো ২৫০ জনে। শুক্রবার (২ অক্টোবর) স্বাস্থ্য অধিদপ্তরের হেলথ ইমার্জেন্সি অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুমের ইনচার্জ ডা. মো. জাহিদুল ইসলাম স্বাক্ষরিত ডেঙ্গুবিষয়ক প্রতিবেদনে এ তথ্য জানানো হয়। এতে বলা হয়, বৃহস্পতিবার (১ অক্টোবর) সকাল ৮টা থেকে শুক্রবার সকাল ৮টা পর্যন্ত ডেঙ্গু আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি হওয়া এক হাজার ১৬৩ জনের মধ্যে ঢাকা বিভাগে (সিটি করপোরেশন ৩৩৩) ২৯৫ জন, বরিশাল বিভাগে ১৫১ জন, চট্টগ্রাম বিভাগে ৩৩০ জন, ঢাকা উত্তর সিটি করপোরেশনে ৮০ জন, ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনে ৪৫ জন, খুলনা বিভাগে ১১১ জন, ময়মনসিংহ বিভাগে ৭৭ জন, রংপুর বিভাগে ৭১ জন। স্বাস্থ্য অধিদপ্তরের তথ্যমতে- চলতি বছরের ১ জানুয়ারি থেকে ২ অক্টোবর পর্যন্ত ডেঙ্গুতে আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি হয়েছেন ৮২ হাজার ৭৬১ জন। অন্যদিকে, এসময়ের মধ্যে হাসপাতাল থেকে ছাড়পত্র পেয়েছেন ৭৬ হাজার ৮৬২ জন।

শিক্ষাপ্রতিষ্ঠানে আসছে

ও বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়, কলেজ ও মাদরাসার ছুটির তালিকা এবং সাপ্তাহিক ছুটি মিলিয়ে এ বর্ষ উপভোগ করা যাবে। তবে প্রতিষ্ঠানভেদে ছুটির সময়সূচিতে কিছুটা ভিন্নতা থাকতে পারে। এদিকে, দুর্গাপূজা উপলক্ষে সরকারি চাকরিজীবীদের ছুটিও বাড়িয়েছে সরকার। আগামী ২ অক্টোবর নির্বাহী আদেশে নতুন করে ছুটি ঘোষণা করায় এবারের দুর্গাপূজায় সরকারি চাকরিজীবীরা মোট পাঁচদিনের ছুটি পাবে। জনপ্রশাসন মন্ত্রণালয়ের সরকারি ছুটির তালিকা অনুযায়ী, আগামী ২০ অক্টোবর (মঙ্গলবার) মহানবমী এবং ২১ অক্টোবর (বুধবার) বিজয়া দশমী উপলক্ষে আগে থেকেই ছুটি নির্ধারিত ছিল। এর সঙ্গে ২২ অক্টোবর (বৃহস্পতিবার) নতুন করে নির্বাহী আদেশে ছুটি ঘোষণা হয়েছে। এ হিসাবের মধ্যে মাকের দুই শুক্রবার ও শনিবার অন্তর্ভুক্ত নয়। দুর্গাপূজা ও বিজয়া দশমীর পাশাপাশি প্রবরাণা পূর্ণিমা ও ২৫ অক্টোবরের লক্ষীপূজা উপলক্ষে এই ছুটি রাখা হয়েছে। কলেজের এ ছুটির আগে ও পরের শুক্র-শনিবারও যুক্ত করতে বিরতিহীন আগও দীর্ঘ হবে। ১৬ ও ১৭ অক্টোবর এবং ৩০ ও ৩১ অক্টোবরের সাপ্তাহিক ছুটি থাকায় শিক্ষার্থীরা আরও চারদিন ছুটি কাটানোর সুযোগ পেতে পারে। পরদিন ২৫ অক্টোবর রোববার লক্ষীপূজা উপলক্ষে আরও একদিন ছুটির সুযোগ পাবে। ফলে ক্যালেভার অনুযায়ী ১৬ থেকে ২২ অক্টোবর পর্যন্ত মোট ১০ দিনের পাওয়া যাবে। তবে এ ছুটির বিষয়টি শিক্ষা মন্ত্রণালয় ও সংশ্লিষ্ট অধিদপ্তরের সিদ্ধান্তের ওপর নির্ভর করবে। অ্যাকাডেমিক ক্যালেভারের প্রয়োজন বিবেচনায় ছুটির সময়সূচিতে পরিবর্তনও আসতে পারে। এদিকে, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের কলেজ-৪ শাখার বিজ্ঞান অনুযায়ী, কলেজে এ বছর ১৮ থেকে ২৯ অক্টোবর পর্যন্ত মোট ১০ দিনের ছুটি রাখা হয়েছে। এ হিসাবের মধ্যে মাকের দুই শুক্রবার ও শনিবার অন্তর্ভুক্ত নয়। দুর্গাপূজা ও বিজয়া দশমীর পাশাপাশি প্রবরাণা পূর্ণিমা ও ২৫ অক্টোবরের লক্ষীপূজা উপলক্ষে এই ছুটি রাখা হয়েছে। কলেজের এ ছুটির আগে ও পরের শুক্র-শনিবারও যুক্ত করতে বিরতিহীন আগও দীর্ঘ হবে। ১৬ ও ১৭ অক্টোবর এবং ৩০ ও ৩১ অক্টোবরের সাপ্তাহিক ছুটি ধরলে মোট ১৬ দিনের ছুটির সুযোগ তৈরি হবে। অন্যদিকে পূজা উপলক্ষে সরকারি-বেসরকারি, এমপিওভুক্ত ও ইবতেদায়ী মাদরাসার শিক্ষক-শিক্ষার্থীরাও তিন দিনের ছুটি পাবেন। মাদরাসা শিক্ষা অধিদপ্তরের ছুটির তালিকা অনুযায়ী, ২০ থেকে ২২ অক্টোবর পর্যন্ত এ ছুটি নির্ধারণ করা হয়েছে। তবে বিশ্ববিদ্যালয়গুলো ক্ষেত্রে ছুটির সময়সূচি এক নয়। দেশের সব বিশ্ববিদ্যালয়ের জন্য সরকারি ছুটির তালিকা সরাসরি প্রযোজ্য নয়। বিশ্ববিদ্যালয়গুলো স্বতন্ত্র ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান হওয়ায় নিজস্বের অ্যাকাডেমিক ক্যালেভার, প্রশাসনিক সিদ্ধান্ত এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমোদনের ভিত্তিতে ছুটির দিন নির্ধারণ করে। এ কারণে দুর্গাপূজা উপলক্ষে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ছুটির সময়সূচিতে ভিন্নতা থাকতে পারে। কোনো কোনো বিশ্ববিদ্যালয় সরকারি ছুটির দিন লিখে ছুটি দিতে পারে। আবার কোনো বিশ্ববিদ্যালয় এর আগে বা পরে অতিরিক্ত ছুটি নির্ধারণ করতে পারে। একইভাবে ক্লাস, পরীক্ষা, প্রশাসনিক কার্যক্রম ও আবাসিক হলের কার্যক্রমের সময়সূচিও প্রতিষ্ঠানভেদে আলাদা

হতে পারে। ফলে কোনো বিশ্ববিদ্যালয়ে দুর্গাপূজার ছুটি কত দিন থাকবে বা টানা কত দিনের ছুটির সুযোগ তৈরি হবে, তা সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের পৃথক বিজ্ঞপ্তি প্রকাশের পর নিশ্চিত হওয়া যাবে।

প্রতিবাদ করলেই মামলা এটাই

ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদের (ডাকসু) ভিপি সাদিক কায়েম। শুক্রবার (২ অক্টোবর) সামাজিক যোগাযোগমাধ্যমে দেওয়া এক পোস্টে এ কথা বলেন তিনি। সাদিক কায়েম বলেন, ‘হজরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর একটি আন্তর্জাতিক বিমানবন্দর, অথচ ব্যবস্থাপনার অবস্থা মাছের বাজারের মতো। এখানে হযরানির অভিজ্ঞতা আজকের নতুন নয়। আমাদের প্রবাসী ভাই-বোনেরা প্রতিনিয়ত হযরানির শিকার হয়ে থাকেন। লাগেজ না পাওয়া, লাগেজ ভেঙে চুরি-এগুলো এ বিমানবন্দরে একদম স্বাভাবিক। এটা আমরা সবাই জানি।' তিনি বলেন, ‘অথচ এশিয়ায় আমাদের পাশের দেশগুলো তাদের বিমানবন্দরের ম্যানেজমেন্ট সিস্টেম সুন্দর করে ট্রানজিটের মাধ্যমে বিপুল বৈদেশিক অর্থ উপার্জন করছে।' মেজর (অব.) আখতারজাম্মান কোনো ব্যক্তিগত স্বার্থে প্রতিবাদ করেননি দাবি করে সাদিক কায়েম বলেন, ‘তিনি বলছেন, যে সরকার বিমানবন্দরে টিকিটক ট্রলি ব্যবস্থাপনা করতে পারে না, সেই সরকার কেন বোয়িং কিনতে যাবে? বিমানবন্দরে যেরাধার শিকার হওয়া অসংখ্য যাত্রীর কষ্টের হয়ে তিনি এই প্রতিবাদ করেছেন।' তিনি আরও বলেন, ‘কিন্তু সরকার যাত্রীদের ভোগান্তির সুরাহা না করে রাজনৈতিক প্রতিহিংসার পরিচয় দিলো। বিএনপি সরকার যেন নাগরিকদের অধিকার বিধিয়ে দেওয়ার পরিবর্তে নাগরিকদের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করেছে।’

৩ মাসের মধ্যে কিশোর গ্যাং

ইসলাম মনি। তিনি বলছেন, ‘আগামী ৩ মাসের মধ্যে কিশোর গ্যাংয়ের তৎপরতা সমূলে উৎখাত করা হবে। কিশোররা অস্ত্র নিয়ে, চাপাতি নিয়ে ঘুরবে না। তারা বই-খাতা নিয়ে স্কুলে যাবে, লেখাপড়া করবে, দক্ষ হবে, কৃত্রিম বুদ্ধিমত্তা নিয়ে কাজ করবে। তারা রোবটিক যুগে প্রবেশ করবে।' শুক্রবার (২ অক্টোবর) এজিডিসিতে কিশোর গ্যাং প্রতিরোধে করণীয় নিয়ে ডিবেট ফর ডেমোক্রেসি অয়োজিত ছায়া সংসদে প্রধান অতিথির বক্তব্যে বাংলাদেশ জাতীয় সংসদের চিফ হাইপ্ একুল ইসলাম মনি এসব কথা বলেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ডিবেট ফর ডেমোক্রেসির চেয়ারম্যান হাসান আহমেদ চৌধুরী কিরণ। বাংলাদেশ জাতীয় সংসদের চিফ স্পিকার বলেন, ‘এখন যারা সমাজে সন্ত্রাস ও মব করছে বিগত শাসনামলেও তারা এই অপকর্মের সাথে যুক্ত ছিল। তাদের আমরা ছেঁকে বের করার চেষ্টা করছি। আমরা কোনো হেলমেট বাহিনী দেখতে চাই না, হাড়তি বাহিনী তৈরির কোনো ইচ্ছা বর্তমান সরকারের নেই। আমাদের দায় চাপানোর রাজনীতি থেকে সরিয়ে আসতে হবে।' অশ্রীল ভাষা আর বরণাশত করা হবে না জানিয়ে তিনি বলেন, ‘ইউটিউব ও ফেসবুকের মাধ্যমে যারা অপপ্রচারা করছে তাদের লাগাম টেনে ধরা হবে। আমরা মানুষের ম্যাডেট নিয়ে সরকার পরিচালনার দায়িত্ব পালন করছি। সংসদ সদস্য মস্তিষ্ক পরিদর্শনের মধ্যে দিয়ে অনিয়মের বিরুদ্ধে সরকার কঠিন ও কঠোর বার্তা দিয়েছে। অপরাধের কার-কেউই পাল পাবে না। আমরা নিজের ঘর থেকেই অপরাধ নিয়ন্ত্রণের কার্যক্রম শুরু করেছি। তবে সবার একাধিক প্রচেষ্টার মাধ্যমেই দেশকে এগিয়ে নিয়ে যেতে হবে।' সভাপতির বক্তব্যে ডিবেট ফর ডেমোক্রেসির চেয়ারম্যান হাসান আহমেদ চৌধুরী কিরণ বলেন, সন্ত্রাসী, চাঁদাবাড়, অস্ত্রধারী, মাদক কারবারি, জুয়ারিরা সব সময় ক্ষমতার পালাবদলের সঙ্গে নিজস্বের রাজনৈতিক খেলাস পাটায়। এদের কোনো রাজনৈতিক পরিচয় নেই। বিগত শাসন আমলে যারা রাজনৈতিক ছত্রছায়ায় কিশোর গ্যাং পরিচালনা করত তারাি আবার বর্তমানে ক্ষমতাসীনদের নাম ভাঙিয়ে কিশোর অপরাধ সংগঠিত করে। তার মতে, সন্ত্রাসী, চাঁদাবাড়, মাদক কারবারিদের কোনো রাজনৈতিক পরিচয় দেখার সুযোগ নেই, সন্ত্রাসীরা কেবলই সন্ত্রাসী। কিশোর গ্যাং কালচার প্রতিরোধ করতে রাজনৈতিক সদিচ্ছার পাশাপাশি সামাজিক আন্দোলন গড়ে তুলতে হবে। সরকারি দল-বিরোধী দলসহ সব রাজনৈতিক দলকে আরও দায়িত্বশীল ভূমিকা পালন করতে হবে।

দৈনিক কীর্তনখোলা প্রক্রির

বেসরকারি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় সে ইস্তেকাল করেন। তার মৃত্যুতে গভীর শোক ও শোক সমস্ত পরিবারের প্রতি সমবেদনা জানিয়েছেন দৈনিক কীর্তনখোলা প্রক্রির সম্পাদক পথিক মোক্তফাহ পরিবারবর্গ।

বরিশালে অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্ত

মধ্যে পড়েছে। এই সংকটের সময়ে তাদের পাশে দাঁড়ানো আমাদের সামাজিক ও মানবিক দায়িত্ব। ক্ষতিগ্রস্ত পরিবারগুলোর প্রয়োজনের কথা বিচার করে জামায়াতে ইসলামী সামগ্র্য অনুযায়ী সহযোগিতা করার চেষ্টা করছে। ভবিষ্যতেও বিপদগ্রস্ত ও অসহায় মানুষের পাশে দাঁড়ানোর এ ধরনের কার্যক্রম জামায়াতে ইসলামীর নায়েবে আমির অধ্যাপক মাহমুদ হোসাইন দুলাল, সেক্রেটারি মওলানা মতিউর রহমান, অ্যাড. সালাউদ্দিন মাসুম, ১০ নম্বর গুডলাইফ সড়কটি সিন্দির নামে, সেক্রেটারি জাহাঙ্গীর হোসাইনসহ স্থানীয় জামায়াতে ইসলামীর অন্যান্য নেতৃবৃন্দ।

বরিশালে পুলিশের অভিযানে

আল মামুন উল ইসলাম বলেন, মহানগরীর সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণ ও অপরাধ দমনে এ ধরনের বিশেষ অভিযান অব্যাহত থাকবে।

রিমান্ড শেষে ছাত্রলীগের

সোহানুর হোসেন শাহিন, মো. হাসিব এবং হাসিব মিয়া। এর আগে সোমবার সন্ধ্যা ৬টার দিকে সাবেক ওই এমপির বাসায় অভিযান চালিয়ে এই ১৪ জনসহ মোট ১৫ জনকে গ্রেফতার করে পুলিশ। পরদিন আদালত ফারজান নামের এক আসামিকে এক দিন এবং বাকি ১৪ আসামিকে তিন দিনের রিমান্ডে পাঠান। গত বুধবার রিমান্ড শেষে ফারজানকে কারাগারে পাঠানো হয়। এরপর শুক্রবার ওই ১৪ আসামিকে আদালতে হাজির করে কারাগারে আটক রাখার আবেদন করেন মামলার তদন্ত কর্মকর্তা উত্তরা পশ্চিম থানার এসআই ইকবাল হোসেন। এসআই জাহাঙ্গীর উদ্দিন জানান, আসামিদের মধ্যে ১১ জনের পক্ষে জামিন আবেদন করা হলেও বাকি তিনজনের পক্ষে কোনো আবেদন ছিল না। ওনানি শেখের আদালত সবার জামিন আবেদন নামঞ্জুর করে ১৪ জনকেই কারাগারে পাঠানোর আদেশ দেন। মামলার বিরোধে জানা যায়, রাজধানীর উত্তরা পশ্চিম থানা ৭ নম্বর সেক্টরে অবস্থিত সাবেক এমপি শওকত হাসানুর রহমান রিমদের বাসায় নিষিদ্ধ সংগঠন ছাত্রলীগ, যুবলীগ ও স্বেচ্ছাসেবক লীগের কর্মীরা জড়ো। তারা রাষ্ট্রকে অস্থিতিশীল করতে এবং অবকাঠামো ধ্বংসের উদ্দেশ্যে সরকারবিরোধী অপরাধ সংঘটনের ষড়যন্ত্র ও সন্ত্রাসী সশস্ত্রকণ্ঠে সক্রিয় নিচ্ছেন। এমন গোপন সংবাদের ভিত্তিতে সোমবার বিকালের পর পুলিশ সেখানে অভিযান চালিয়ে তাদের আটক করে। এ সময় পুলিশের উদ্ভিগত সশস্ত্র টের পেয়ে অজ্ঞানত্যা আরও ২০ থেকে ২২ জন গালিয়ে যান। পরে তত্ত্বাব্ধি চালিয়ে রুমের টেবিলের ড্রয়ার থেকে বরগুনা জেলার পাথরঘাটা উপজেলার কাকচিটা ইউনিয়ন স্বেচ্ছাসেবক লীগের পদপ্রার্থী ২০ জনের নাম ও জীবনবৃত্তান্ত

সংবলিত ২০টি পাতা জপ করা হয়। প্রাথমিক জিজ্ঞাসাবাদে স্বেচ্ছতারকত্তরা নিজদের উত্তরা পশ্চিম থানা ছাত্রলীগের সদস্য বলে স্বীকার করেন। এই ঘটনায় রাজধানীর উত্তরা পশ্চিম থানায় সন্ত্রাসবিরোধী আইনে একটি মামলা দায়ের করা হয়েছে।

তেতুলিয়ার ভাঙন ঠেকাতে ৭৩৯ কোটি

রাষ্টাঘাটসহ বিভিন্ন স্থাপনা ভাঙনের ঝুঁকিতে রয়েছে। নদীভাঙন থেকে গুরুত্বপূর্ণ এলাকা রক্ষায় বাঁধ নির্মাণের দাবি জানিয়ে আসছিলেন স্থানীয় বাসিন্দারা। মেহেন্দিগঞ্জের মানুষের কাছে নদীভাঙন দীর্ঘদিনের আতঙ্ক। প্রতিবছর নদীর পাড় ভেঙে নতুন নতুন এলাকা ঝুঁকিতে পড়ে। বড় পরিসরে নদীতীর সংরক্ষণের এ কাজ দ্রুত ও সঠিকভাবে বাস্তবায়ন হলে ভাঙনকবলিত মানুষের দুর্ভোগ কমবে বলে আশা করছেন তারা। প্রকল্পের আওতায় নদীর তীরের ঝুঁকিপূর্ণ অংশে জিও ব্যাগ ও ব্লক ফেলার মাধ্যমে তীর সংরক্ষণ করা হবে। পর্যায়ক্রমে নির্ধারিত ১১ দশমিক ০৪ কিলোমিটার এলাকায় এসব কাজ বাস্তবায়ন করা হবে বলে পানি উন্নয়ন বোর্ডের কর্মকর্তারা জানিয়েছেন। উদ্বোধনী অনুষ্ঠানে পানি উন্নয়ন বোর্ডের বরিশাল অঞ্চলের নির্বাহী প্রকৌশলী মো. জাব্বের ইকবাল, সরকারি প্রকৌশলী জরিনুল ইসলাম, সহকারী প্রকৌশলী শফিকুল ইসলাম কৈতসহ পানি উন্নয়ন বোর্ডের কর্মকর্তারা উপস্থিত ছিলেন। এ ছাড়া সংশ্লিষ্ট টিকাদারি প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী মো. আমির হোসেন ও মাহফজুর রহমান এবং স্থানীয় বিএনপির নেতাকর্মীরাও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

জামায়াত নেতা মেজর

মামলায় ৩০ জনের সাজা জার্য, গত ১ অক্টোবর সকাল ১০টা ৪০ মিনিটে মদিনা থেকে আগত একটি ফ্লাইটের (ইএ-৩৩৮) যাত্রীদের ব্যাপক চাপের কারণে ৮ নম্বর লাগেজ বেস্ট এলাকায় ট্রলি সংকট দেখা দেয় এবং লাগেজ পেতে বিলম্ব হয়। যাত্রীদের ক্ষোভ ও উত্তেজনার এক পর্যায়ে ঢাকা-এ আসনের সংসদ সদস্য মোহাম্মদ কামাল হোসেনের আহ্বানে ঘটনাস্থলে উপস্থিত হন বিমানবন্দরের নির্বাহী পরিচালক গ্রুপ কাস্টেন এস এম রাণীব সামাদ। তিনি শান্তভাবে পরিস্থিতি নিয়ন্ত্রণের চেষ্টা করার সময় মেজর (অব.) আখতারজাম্মান হঠাৎ ক্ষিপ্ত হয়ে তার দিকে অক্রমণাত্মক ভঙ্গিতে তেড়ে যান এবং নির্বাহী পরিচালককে অকথা ভাষায় গালিগালাজ করেন এবং ‘আমি কিচ্ছ পিটাৰো হইরা’, ‘যাঘু ধরে বের করে দিবা’ বলে প্রকাশ্যে হুমকি দেন। এমনকি তিনি বিমান ও পর্যটনমন্ত্রী সম্পর্কেও চরম অশালীন মন্তব্য করেন। পরিস্থিতি আরও যোলাটে হয় যখন মেজর (অব.) আখতারজাম্মানের সঙ্গে থাকা প্রটোকল সহকারী বিমানবন্দরের সংরক্ষিত (কচও) এলাকায় মোবাইল ফোনে ভিডিও ধারণ শুরু করেন। সেখানে দায়িত্বরত নিরাপত্তা সুপারভাইজার ওয়ারেন্ট অফিসার মোহাম্মদ কামাল উদ্দিন ভিডিও ধারণে নিষেধ করলে মেজর (অব.) আখতারজাম্মান ক্ষিপ্ত হয়ে তাকেও অকথা ভাষায় গালাগাল করেন এবং একপর্যায়ে শারীরিকভাবে লাঞ্চিত করেন। এ ছাড়া তিনি অন্যান্য সাধারণ যাত্রীর সংগ্রহ করা পবিত্র জমজমের পানির বোতলও ট্রলি থেকে ছুড়ে ফেলে দিয়ে ক্ষতিসাধন করেন এবং বিমান বাংলাদেশ এয়ারলাইনের একজন প্রতিনিধির সঙ্গে মারমুখী আচরণ করেন। এজাহারকারী জানান, অভিমুক্তের এমন কর্মকাণ্ডে একটি স্পর্শকাতর ও সংরক্ষিত স্থাপনায় সরকারি কর্মকর্তাদের দায়িত্ব পালনে বাধা সৃষ্টি হয়েছে এবং বিমানবন্দরের স্বাভাবিক শৃঙ্খলা ও নিরাপত্তা চরমভাবে বিঘ্নিত হওয়ার আশঙ্কা তৈরি হয়। এই ঘটনায় পুলিশ দপ্তরবির ১৮৬/১৮৯/২৯৪/৩২৩/৩৫২/৩৬৩/৫০৪/৫০৬ ধারায় (সরকারি কাজে বাধাদান, আঘাত, অপরাধমূলক বলপ্রয়োগ, ইচ্ছাকৃত অপমান ও ভয়াভীতি প্রদর্শনের অপরাধে) মামলাটি রুজু করে। উল্লেখ্য, অভিমুক্ত মেজর (অব.) আখতারজাম্মানের অতীত রাজনৈতিক কারিয়ার ও আচরণ বেশ বিতর্কিত। জানা যায়, তিনি তার সাবেক রাজনৈতিক দল বিএনপি থেকে দলীয় শৃঙ্খলা ভঙ্গের অভিযোগে বিভিন্ন সময়ে সর্বমোট ৫ বার বহিষ্কৃত হয়েছেন। বারবার দলীয় শৃঙ্খলা পরিপন্থি কর্মকাণ্ডে জড়িয়ে পড়ার কারণে তার প্রাথমিক সদস্যপদসহ সব পর্যায়ের পদ থেকে তাকে সরিয়ে দেওয়া হয়েছিল।

নিত্যপ্রয়োজনীয় পণ্যের দামে

ঘুরে এমন চিত্র দেখা গেছে। যদি দোকানি সোহাগ মিয়া জানান, এখন চিনির প্যাকেটের গায়ে দাম লেখা আছে ১১০ টাকা। তবে তাদের কিনতে হচ্ছে ১১৩ টাকা। বাধ্য হয়ে তারা ১১৫ থাকে ১২০ টাকা বিক্রি করছেন। যে কারণে এখন অনেক দোকানো প্যাকেট চিনি রাখা হচ্ছে না। আবার অনেক দোকানো প্যাকেট কেটে খোলা চিনি ১২০ টাকা দামে বিক্রি হচ্ছে। খলিলুর রহমান নামের এক বিক্রেতা বলেন, ‘প্যাকেটের গায়ে ১১০ টাকা দাম লেখা, যে কারণে ক্রেতার কাছে ১২০ টাকা নিতে গেলে অনেক লোকবাধি করতে বায়। উপায় না পেয়ে প্যাকেট কেটে খোলা বিক্রি করছে ক্যামেলা কল।’ এদিকে বাজারে একজন ক্রেতা চিঠি打 বলেন, ‘এমনিচেই সব জিনিসের দাম বেশি। এর মধ্যে নির্ধারিত দামের চেয়ে বেশি টাকা চাইলে আমাদের ওপর বাড়তি চাপ পড়ে। বিষয়টি সরকারের কঠোরভাবে নজরদারি করা উচিত।’ এদিকে কয়েক সপ্তাহ ধরে সরবরাহ সংকট কাটেনি সয়ারবিন তেলের। খুচরা বাজারে বোতলজাত সয়ারবিন তেলের সরবরাহ কম বলে জানিয়েছেন বিক্রেতারা। যেসব দোকানো তেল রয়েছে, অনেক ক্ষেত্রেই তা ক্রেতাদের চোখের সামনে না রেখে অন্যত্র রাখা হচ্ছে। সুযোগ বুঝে নেওয়া হচ্ছে বাড়তি দামে ও উচ্চ শপে প্রতি লিটার সয়ারবিন তেলের বোতল ২১০ টাকায় বিক্রি করতে দেখা যায়। অথচ ওই বোতলের সর্বোচ্চ যুচরা মূল্য ২০৪ টাকা। শোকার্নি শাহিনুল হক বলেন, ‘সরবরাহ কম। আবার বিক্রেতার কমিশনও এক থেকে দেড় টাকা। এই অবস্থায় নির্ধারিত দামে বিক্রি করলে আমাদের পোষায় না।’ সম্প্রতি সয়ারবিন তেলের দাম বাড়ানোর অনুমোদন দিয়েছে বাণিজ্য মন্ত্রণালয়। এরপরও ব্যবসায়ীদের পক্ষ থেকে আরও দাম বাড়ানোর দাবি উঠেছে। আন্তর্জাতিক বাজারে ভোক্তাদেরের দামবৃদ্ধির কারণ দেখিয়ে দাম সমন্বয়ের জন্য বাংলাদেশ ট্রেড অ্যান্ড ট্যারিফ কমিশন ও বাণিজ্য মন্ত্রণালয়ে ব্যবসায়ীদের পক্ষ থেকে যোগাযোগ করা হচ্ছে বলে জানা গেছে। আর দাম আরেক দফা না বাড়া পর্যন্ত কোম্পানিগুলো খুচরা ব্যবসায়ীদের টিকমতো তেল সরবরাহ স্বাভাবিক করবে না বলে জানিয়েছেন বিক্রয় প্রতিনিধিরা। মামা-ভায়ে সুপার শপের বিক্রেতা শফিকুল ইসলাম বলেন, প্রায় এক-দেড় মাস হলো কোম্পানি তেলের অর্ডার নিতে চায় না। কমিশন কমিয়ে লিটারহাতি মাত্র ১ টাকা করেছে। তারপরও বিভিন্ন পাইকারি বাজার থেকে ডিলার-ডিস্ট্রিবিউটরদের মাধ্যমে তেল সংগ্রহ করছি নিজ খরচে। তিনি বলেন, তেল-চিনি ছাড়া তো যদি দোকান চলতে পারে না। বাধ্য হয়ে বেশি দামে কিনে বিক্রি করতে হচ্ছে। কিন্তু এ নিয়ে ক্রেতাদের সঙ্গে প্রচার ক্যামেলা ও বাকবিত্তজ্য করতে হয়। যে কারণে অপর্যিত কাস্টমার এলে তেল-চিনি বিক্রিই করি না। তবে খুচরা বাজারে সরবরাহ সংকটের কথা বলা হলেও সুপারশপগুলোতে প্যাকেটজাত তেল ও চিনি পাওয়া যাচ্ছে। অনেক ক্ষেত্রে নির্ধারিত দামেই বিক্রি করতে দেখা গেছে। এদিকে ডিমের দামও ক্রেতাদের সন্তি দিচ্ছে না। সস্তাহয়ানেক আগে ফার্মের মুরগির ডিমের দাম ডজনপ্রতি প্রায় ৫ টাকা বেড়েছে। এখন বিভিন্ন বাজারে প্রতি ডজন ডিম ১৫৫ থেকে ১৬০ টাকায় বিক্রি করতে দেখা গেছে। আর পাড়া-মহল্লার খুচরা দোকান এক হালি ডিম ৫৫ টাকা বিক্রি হচ্ছে অর্থাৎ সেখানে ডজন পড়ে ১৬৫ টাকা। তবে ত্রয়লার মুরগির দাম তুলনামূলক স্থিতিশীল রয়েছে। বাজারভদেে প্রতি কেজি ত্রয়লার মুরগি ১৮০ থেকে ১৯০ টাকায় বিক্রি হচ্ছে। অন্যদিকে সবজির দামও এখনো তুলনামূলক চড়া। যদিও ১০ থেকে ১৫ দিন আগে দাম

বাড়ার পর কিছু কিছু সবজির দাম কেজিতে ৫ থেকে ১০ টাকা পর্যন্ত কমেছে। তবে সামগ্রিকভাবে সবজির বাজারে এখনো স্ব্থি ফেরেনি। পাশাপাশি আটা ও ময়দাও আগের মতোই বাড়তি দামে বিক্রি হচ্ছে।

ভরা মৌসুমেও ইলিশের আকাল

মাত্র ১০০ থেকে ১৫০ মন ইলিশ আসছে। ফলে কোটি টাকার বেশি লেনদেনের স্থলে দিনে তা নেমে এসেছে লাখের ঘরে। ব্যবসায়ীদের মধ্যে একজন বলেন, ‘কোটি কোটি টাকার পোট রোডে লেনদেন হইছে। এখন লাখের কাছাকাছিও হয় না। কেন হয় না? মাছ নাই, দাম বেশি।’ অন্য একজন বলেন, ‘কেজির মাছ এটা ৯০০, ১০০০, ১২০০ করে কিনতে পারতাম। ওই মাছটা এখন ২৭০০, ২৮০০, ৩০০০ টাকা কেজি। তাইলে এইজা গরীব মানুষে কীভাবে এই মাছটা কিনে খাবে কন?’ ব্যবসায়ীদের মধ্যে অন্য একজন বলেন, ‘মৌসুমে মাছের চাপটা একটু বেশি থাকার কথা। কিন্তু দার কারণ মানে এখন বর্তমানে চাপ খুব কম। যার কারণে দাম এখনও বেশি।’ দাম বাড়ায় সাধারণ মানুষের নাগালের বাইরে চলে গেছে রূপালী ইলিশ। এতে ইলিশ খাওয়া থেকে বর্ষিতদের পাশাপাশি দাম নিয়েও ক্ষোভ প্রকাশ ক্রেতাদের। ক্রেতাদের উদ্ভাবন একজন বলেন, ‘জটকার ছোট্টা কিনতাম ৫০০ ইল্ডে ৬০০ টাকা। এখন চায় ১৬০০ টাকা কেজি।’ অন্য একজন বলেন, ‘আমগো গরীবেরে লাইগা বড়টা না, আমগো লাইগা ছোটটা।’ মৎস্য বিভাগ বলছে, গত চার বছর যাবত ইলিশের উৎপাদন ক্রমাগতই কমে যাচ্ছে। নদীতে পানি ও স্রোতের অভাব, ডুবোচি সৃষ্টি, অর্ধৈষ জালের চালাবর এবং জলবায়ু পরিবর্তনের প্রভাবেই ইলিশের স্বাভাবিক চরাল ও প্রজনন ব্যাহত হচ্ছে। যার কারণে ইলিশের উৎপাদন কমে যেতে পারে বলে মনে করেন মৎস্য বিভাগের কর্মকর্তারা। বরিশালের জেলা মৎস্য কর্মকর্তা ড. মো. হাদিদউজ্জামান বলেন, ‘কারেন্ট জাল তারপরে আরও বেহেদি জাল বেণ্ডলোর ফাঁস খুবই ছোট, এগুলো ইলিশের ছোট মাছকে তো নষ্ট করেই অন্যান্য মাছও নষ্ট করে। সমাধান সম্ভবত ওই ডুবোচিরগুলো যদি আমরা খনন করতে পারি, তাহলে এটা হলেই একটা রাস্তা ক্লিয়ার হলে তখন ইলিশ আবার নিজের থেকে টুকবে।’ বর্তমানে বরিশালের বাজারে দেড় কেজি ওজনের ইলিশের প্রতি মন দেড় লাখ টাকা, ১২০০ গ্রাম ওজন সোয়া লাখ আর এক কেজি ইলিশের মন এক লাখ টাকা ছাড়িয়েছে। যা খুচরা বাজারে বিক্রি হচ্ছে আকারভদেে এক হাজার ৮০০ থেকে প্রায় তিন হাজার টাকা কেজিতে।

ডেঙ্গুতে বাড়ছে মৃত্যুর মিছিল

একই ওয়ার্ডে, এমনকি একই বেডেও রাখা হচ্ছে। অনেক ক্ষেত্রে মারপি ব্যবহার না করায় হাসপাতালে থাকা রোগীরাও মশার কাপড়ের ঝুঁকিতে থাকছেন। বরিশাল বিভাগীয় স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য অনুযায়ী, ৩০ সেক্টরের পর্যন্ত ছয় জেলায় ডেঙ্গু আক্রান্ত হয়ে সরকারি হাসপাতালে চিকিৎসা নিয়েছেন ১১ হাজার ৬০০ জনের বেশি। সবচেয়ে বেশি আক্রান্ত হয়েছেন পিরোজপুরে ২ হাজার ৯৭০ জন। দ্বিতীয় অবস্থানে বালকাঠি, সেখানে আক্রান্ত হয়েছেন ২ হাজার ২৩৪ জন। ডেঙ্গুতে সবচেয়ে বেশি মৃত্যু হওয়ার পেছনে রোগ-ই-বালা মেডিকেল কলেজ হাসপাতালে। সেখানে মারা গেছেন ১৫ জন। এ ছাড়া পটুয়াখালী, পিরোজপুর ও বালকাঠিতে চিকিৎসাধীন অবস্থায় একজন করে মারা গেছেন। গত বছর বরিশাল বিভাগে ডেঙ্গু আক্রান্ত শনাক্ত হয়েছিল প্রায় ২০ হাজার। ওই বছর মারা গিয়েছিলেন ৪৫ জন। বরিশাল সিটি করপোরেশনের তথ্য অনুযায়ী ডেঙ্গু নিয়ন্ত্রণে মশক নিধনে বরিশাল সিটি করপোরেশনের ব্যয়ও বাড়ছে। দুই বছরের ব্যবধানে কীটনাশক কোয়ার বাজেট বেড়েছে প্রায় ১ কোটি টাকা। ২০২৪-২৫ অর্থবছরে এ খাতে বাজেট ছিল ৩ কোটি ৪ লাখ ২১ হাজার ৬০০ টাকা। ২০২৫-২৬ অর্থবছরে তা বেড়ে হয় ৩ কোটি ৮৩ লাখ ৪৫ হাজার ৪৫০ টাকা। চলতি ২০২৬-২৭ অর্থবছরে রাখা হয়েছে ৪ কোটি টাকা। তবে বাজেট বাড়ানোর পাশাপাশি মশার প্রজননস্থ ধ্বংস ও নিয়মিত পরিষ্কার-পরিচ্ছন্নতা কার্যক্রম জোরদারের ওপর গুরুত্ব দিচ্ছেন সংশ্লিষ্টরা। শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালের মিডিয়া ফোকাল পার্নল, আবাসিক সার্জন ডা. মাজহারুল রেজোয়ান রেজা বলেন, এখন ডেঙ্গুর মৌসুম। মশা নিধন করা না গেলে সংক্রমণ আরও বাড়তে পারে। তিনি বলেন, আমরা নিজেরা সচেতন না হলে এই রোগ প্রতিরোধ করা সম্ভব নয়। শেবাচিমে রোগীর চাপ অবশ্যই বেশি। এক কেরের বিপরীতে চার থেকে ছয়জনকেও থাকতে হয়। রোগীর চাপ সামাল দিতে আলাদা ডেডিকেটেড ডেঙ্গু ওয়ার্ড চালুর বিষয়টি বিবেচনা করা হচ্ছে বলেও জানান তিনি। এ নিয়ে হাসপাতালের সভায় আলোচনা হয়েছে। বরিশাল বিভাগীয় স্বাস্থ্য পরিচালক ডা. রেফায়েতুল হায়দার বলেন, ৩০ সেক্টরের পর্যন্ত বিভাগে ডেঙ্গুতে ১৮ জনের মৃত্যু হয়েছে। সরকারি হাসপাতালগুলোতে চিকিৎসা নিয়েছেন সাড়ে ১১ হাজারের বেশি রোগী। তিনি বলেন, সচেতনতা বৃদ্ধি ছাড়া ডেঙ্গু প্রতিরোধে শতভাগ সফলতা অর্জন সম্ভব নয়। সরকারের নির্দেশনা অনুযায়ী ডেঙ্গু প্রতিরোধে কাজ চলছে এবং হাসপাতালগুলোতে নিয়মিত তরকারি করা হচ্ছে। বিশেষজ্ঞ ও সংশ্লিষ্টদের মতে, শুধু মশক নিধনেই সন্তোষ বাড়ানো কিংবা হাসপাতালে রোগী ব্যবস্থাপনা দিয়ে ডেঙ্গু নিয়ন্ত্রণ সম্ভব নয়। বাড়ি, ছাদ, নাল, পরিভ্রাত জলাশয় ও আশপাশের জমে থাকা পানি নিয়মিত পরিষ্কার করার পাশাপাশি স্থানীয় পর্যায়ে সমন্বিত মশক নিধন কার্যক্রম জোরদার করলেই সংক্রমণ কমানো সম্ভব।

পাঁচ দিন দেশের বিভিন্ন অঞ্চলে বৃষ্টির আভাস

কীর্তনখোলা ডেঙ্গু

দেশের বিভিন্ন অঞ্চলে আগামী পাঁচ দিন বৃষ্টি ও বজ্রসহ বৃষ্টি হতে পারে। এর মধ্যে কয়েকটি বিভাগে কিছু কিছু জায়গায় বৃষ্টির সম্ভাবনা রয়েছে। কোথাও কোথাও অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টি হতে পারে। আবহাওয়া অধিদপ্তর জানিয়েছে, পাঁচ দিনের পর বৃষ্টির প্রবণতা বাড়তে বাড়তে পারে। বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর শুক্রবার (২ অক্টোবর) সকাল ৯টা থেকে পরবর্তী ১২০ ঘণ্টার পূর্বাভাসে এ তথ্য জানিয়েছে। আবহাওয়া অধিদপ্তরের পূর্বাভাস অনুযায়ী, মৌসুমি বায়ুর অক্ষের বর্ধিতাংশ উত্তর প্রদেশ, বিহার, পশ্চিমবঙ্গ ও বাংলাদেশের দক্ষিণাঞ্চল হয়ে আসা সময় পর্যন্ত বিস্তৃত রয়েছে। মৌসুমি বায়ু বাংলাদেশের ওপর কম সক্রিয় রয়েছে। আর উত্তর বঙ্গোপসাগরে এটি দুর্বল থেকে মাঝারি অবস্থায় রয়েছে। শনিবার (৩ অক্টোবর) বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের কিছু কিছু জায়গায় এবং ঢাকা, ময়মনসিংহ, রংপুর ও খুলনা বিভাগের দু-এক জায়গায় বৃষ্টি অথবা বজ্রসহ বৃষ্টির সম্ভাবনা রয়েছে। এ সময় অস্থায়ীভাবে দমকা হাওয়াও হতে পারে। দেশের অন্য এলাকায় আংশিক মেঘলা আকাশসহ আবহাওয়া প্রধানত শুষ্ক থাকতে পারে। সারা দেশে দিনের তাপমাত্রা সামান্য বাড়তে পারে, তবে রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে। রোববার (৪ অক্টোবর) বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের কিছু কিছু জায়গায় এবং ঢাকা, ময়মনসিংহ ও রংপুর বিভাগের দু-এক জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টি অথবা বজ্রসহ বৃষ্টি হতে পারে। দেশের অন্য এলাকায় আবহাওয়া প্রধানত শুষ্ক থাকতে পারে। দিন ও রাতের তাপমাত্রায় বড় কোনো পরিবর্তনের সম্ভাবনা নেই। সোমবার (৫ অ

বর্শালাখানা

আত্মতত্ত্ব প্রতিদিন

জাগপা বরিশাল জেলা

এছাড়া সাংগঠনিক সম্পাদক হিসেবে ইঞ্জিঃ গাজী মাহফুজুর রহমান, প্রচার সম্পাদক মোঃ আবু ইউসুফ মিঠু, দপ্তর সম্পাদক ফয়সাল হাওলাদার, অর্থ সম্পাদক মোঃ সোহেল রানা, সহ-সাংগঠনিক সম্পাদক শেখ জাহিদুর রহমান, যুব-বিষয়ক সম্পাদক মোঃ মাইমুল ইসলাম, মহিলা বিষয়ক সম্পাদক ইঞ্জিঃ অকলিমা আক্তার, ধর্ম বিষয়ক সম্পাদক হাঃ মাঃ মুঃ মোঃ সাইফুল ইসলাম, শ্রম বিষয়ক সম্পাদক মহসিন শরীফ, কৃষি বিষয়ক সম্পাদক লাল মিয়া হাওলাদার, সহ-যুব বিষয়ক সম্পাদক আল আমিন হাওলাদার, সহ-প্রচার সম্পাদক মোঃ আমিনুল ইসলাম রাঠী এবং সহ-দপ্তর সম্পাদক মোঃ খলিলুর রহমান দায়িত্ পেয়েছেন। কমিটির কার্যনির্বাহী সদস্য হিসেবে রয়েছেন মোঃ আনিসুর রহমান হাওলাদার, মোঃ কবির হোসেন, মোঃ সুজন হোসেন, স্বপন রাঠী, সালামা বেগম, সুমা আক্তার, মোঃ নওয়াব আলী আকন, মোঃ আবিব হাওলাদার, মোঃ ইমরান, মোঃ হিরা হাওলাদার, বোরহান উদ্দিন, আহামদুল্লাহ হাওলাদার, মোঃ মাহমুদুল হাসান, মোঃ কামাল হাওলাদার, মোঃ ইব্রাহীম মিয়া এবং মোঃ ওমর ফারুক। নবগঠিত কমিটির নেতৃবৃন্দ বরিশাল জেলায় দলের সাংগঠনিক কার্যক্রম আরও গতিশীল ও বিস্তৃত করার লক্ষ্যে কাজ করবেন বলে সংশ্লিষ্টরা জানান।

আইনশৃঙ্খলা কমিটির সভায়

